

# যুগান্তর

## শিক্ষককে লাঞ্ছনার প্রতিবাদে রুয়েটে মানববন্ধন

প্রকাশ : ২০ আগস্ট ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



রাজশাহী ব্যুরো

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (রুয়েট) ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগের সহকারী অধ্যাপক রাশিদুল ইসলামকে লাঞ্ছিত করার প্রতিবাদে মানববন্ধন করেছেন শিক্ষার্থীরা। সোমবার সকাল সাড়ে ১০টায় রুয়েটের প্রধান ফটক এলাকায় শিক্ষার্থীরা এ কর্মসূচি পালন করেন। এ সময় শিক্ষক রাশিদুল ইসলামকে লাঞ্ছনাকারী বখাটেদের গ্রেফতার করে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান শিক্ষার্থীরা।

মানববন্ধনে শিক্ষার্থীরা বলেন, রাজশাহীতে বখাটেদের উৎপাত বেড়েছে। এরা শিক্ষার্থীদের হয়রানি করে, ছাত্রীদের উত্ত্যক্ত করে। এদের উত্ত্যক্ত থেকে বাদ যায়নি বিশ্ববিদ্যালয় ওই শিক্ষকের স্ত্রীও। শিক্ষক তার স্ত্রীর উত্ত্যক্তের প্রতিবাদ করায় তাকেও লাঞ্ছিত করা হয়েছে। বখাটেদের দ্রুত বিচারের আওতায় এনে শাস্তির ব্যবস্থা করলে আন্দোলনের হুমকি দেন তারা।

১০ আগস্ট সহকারী অধ্যাপক রাশিদুল ইসলাম তার ফেসবুকে একটি স্ট্যাটাস দেন। স্ট্যাটাসে তিনি লেখেন, নগরীর মনিচতুরে এক বখাটে তার স্ত্রীকে পেছন থেকে কয়েকবার ইচ্ছাকৃতভাবে ধাক্কা দেয়। তিনি এর প্রতিবাদ করলে ৫-৭ জন তাকে মারধর করে। এ ঘটনায় শুক্রবার অজ্ঞাত ৮ জনকে আসামি করে নগরীর বোয়ালিয়া থানায় মামলা করেন শিক্ষকের স্ত্রী তাবাসসুম ফারজানা। সোমবার রাজশাহী মহানগর পুলিশের গোয়েন্দা শাখা (ডিবি) ঘটনাস্থলের আশপাশের দোকানগুলো থেকে ৯ জনকে জিজ্ঞাসাবাদের জন্য নিয়ে যায়। এদের মধ্যে ৬ জনকে ছেড়ে দেয়া হয়েছে। বিকাল পর্যন্ত অন্য তিনজনকে জিজ্ঞাসাবাদ করা হচ্ছিল। পুলিশ জানিয়েছে, এরা ঘটনার প্রত্যক্ষদর্শী হতে পারেন। তাই জিজ্ঞাসাবাদ করা হচ্ছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।  
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।